2nd Sem (PASS) PHILOSOPHY/GE/CC2

১। ইন্দ্রিয় অভিজ্ঞতা জ্ঞানের প্রকৃত উৎস – ব্যাখ্যা কর।

উঃ:- অভিজ্ঞতা জ্ঞান-লাভের একমাত্র উৎস:- অভিজ্ঞতাবাদ অনুসারে ইন্দ্রিয় অভিজ্ঞতা জ্ঞানলাভের একমাত্র পথ। ইন্দ্রিয় অভিজ্ঞতার মাধ্যমে আমরা বিশেষ বিশেষ বস্তু সম্বন্ধের জ্ঞান লাভ করি, তারপর আরোহ পদ্ধতির সাহায্যে সামান্যীকরণের দ্বারা আমরা সামান্য ধারণা ও সার্বিক সত্য প্রতিষ্ঠা করে থাকি। অভিজ্ঞতাবাদীরা মনে করেন, অভিজ্ঞতা পূর্ব কোন আন্তর ধারণার অস্তিত্ব নেই। জ্ঞানের বিশ্লেষণ করে তাঁরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, সংবেদন এবং অনুভূতি থেকে জ্ঞানের উৎপত্তি। বস্তুত এগুলি জ্ঞানের উপাদান, বাস্তব এবং সমন্বয় সংবেদন নিয়ে জ্ঞান।

অভিজ্ঞতার প্রকারভেদ:- অভিজ্ঞতা দুরকমের – বাহ্য এবং আন্তর। বাহ্য অভিজ্ঞতার অপর নাম সংবেদন ও আন্তর অভিজ্ঞতার নাম অন্তর্দর্শন। আমাদের পাঁচটি ইন্দ্রিয় দ্বারা বাহ্য অভিজ্ঞতা হয়। এই ইন্দ্রিয়গুলি বাইরের কোন বস্তুর সান্নিধ্যে বা সংস্পর্শে এলে আমাদের সংবেদন উৎপন্ন হয়। আর এই সংবেদনের মাধ্যমে বহির্জগতের বিষয় আমাদের জ্ঞান হয়। তেমনি আমাদের নিজেদের সুখ, দুঃখ, ইচ্ছা, রাগ প্রভৃতির জ্ঞান হয় আন্তর অভিজ্ঞতা বা অন্তর্দর্শনের ফলে।

অভিজ্ঞতাবাদ বা ইন্দ্রিয়বাদের নানা রূপ লক্ষ্য করা যায়। এই মতবাদকে গতানুগতিক, আধুনিক, চরমপন্থী ও নরমপন্থী এই চারভাগে ভাগ করা যায়। লক-এর অভিমত গতানুগতিক অভিজ্ঞতাবাদ, হিউম-এর অভিমত আধুনিক অভিজ্ঞতাবাদ, হিউম-এর অভিমত নরমপন্থী অভিজ্ঞতাবাদ, মিল-এর অভিমত চরমপন্থী অভিজ্ঞতাবাদ,

লকের মত:- লকের মতে মানুষ কোন ধারণা নিয়ে জন্মগ্রহণ করে না। জন্মের সময় মানুষের মন হল অলিখিত সাদা কাগজ। সংবেদন ও অন্তর্দর্শনের সাহায্যে মনে সকল প্রকার ধারণার উৎপত্তি হয়ে থাকে। সংবেদনের

[illegible] প্রত্যক্ষ করি। [illegible] প্রত্যক্ষ করি না। [illegible] অস্তিত্ব [illegible] স্বীকার [illegible] অস্তিত্ব স্বীকার করতে হয়। [illegible] অস্তিত্ব [illegible]। অনুমান করি, [illegible] প্রত্যক্ষ [illegible] নয়।

বার্কলির অভিমত:– বার্কলির মতে প্রত্যক্ষ হওয়াই অস্তিত্বের নাম। সুতরাং দ্রব্যের অস্তিত্ব স্বীকার করা যায় না। তিনি বলেন, প্রত্যক্ষ অভিজ্ঞতায় যে আমরা গুণের প্রত্যক্ষ করি, সে ভাবে বস্তুর স্বতন্ত্র সত্তার অস্তিত্ব আমরা স্বীকার করতে পারি না। কারণ বস্তুর সত্তা প্রত্যক্ষের বিষয় নয়। বার্কলি প্রথমে কেবল দ্রব্যের অস্তিত্ব স্বীকার করেন এবং তার মতে আধ্যাত্মিক দ্রব্য ঈশ্বর সত্তা আর কিছু নয়। তবে কিন্তু তিনি ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করেন।

হিউমের অভিমত:– হিউম প্রকৃত চরম অভিজ্ঞতাবাদী দার্শনিক, তাঁর মতে আমাদের জ্ঞান ইন্দ্রিয় অভিজ্ঞতা থেকে আসে। তিনি পূর্ববর্তী অভিজ্ঞতাবাদকে চরম পরিণতির দিকে নিয়ে যান। তিনি বলেন সমস্ত জ্ঞান আসে সংবেদন ও ধারণা থেকে। সংবেদন

② এ ব্যাপারে সর্বে কোন একমত প্রত্যক্ষ নেই, আছে পারম্পর্যমাত্র প্রত্যক্ষ। সংবেদন বেশী সজীব, স্পষ্ট ও উজ্জ্বল। ধারণা কম সজীব, কম স্পষ্ট ও কম উজ্জ্বল। ধারণা সংবেদনের প্রতিরূপ মাত্র অর্থাৎ নকল – তার হীন ও অস্পষ্ট প্রতিরূপ। মন সম্পূর্ণরূপে নিষ্ক্রিয়। সংবেদন ও ধারণার পারস্পরিক সম্বন্ধ স্থাপিত হয় অনুষঙ্গ নিয়ম, সাদৃশ্য নিয়ম ও কার্যকারণ নিয়ম দ্বারা। হিউমের মতে দ্রব্য, আত্মা এবং ঈশ্বরকে ইন্দ্রিয়ের মাধ্যমে পাওয়া যায় না, সুতরাং এগুলি সম্বন্ধে কোনরকম সংবেদন আমরা লাভ করি না। সংবেদন ছাড়া জ্ঞান সম্ভব নয়। সেজন্য হিউম এগুলির অস্তিত্ব অস্বীকার করেছেন। হিউমের অভিমত হল বাহ্যিক জগৎ সম্পর্কে কোন জ্ঞান সুনিশ্চিত নয়, সম্ভাব্য মাত্র। হিউমের অতএব দর্শনে সংশয়বাদ নামে পরিচিত।

সমালোচনাঃ- অভিজ্ঞতাবাদ জ্ঞানের একটি বিশেষ দিকের ওপর গুরুত্ব আরোপ করায় নির্বিচারবাদে পরিণত হয়েছে।

(১) লক বলেন, মন নিষ্ক্রিয়ভাবে ধারণাগুলিকে গ্রহণ করে। কিন্তু জ্ঞানের ব্যাপারে মন কখনো নিষ্ক্রিয় থাকে না, বরং সক্রিয় থাকে।

(২) লক বলেন, আমরা সাক্ষাৎভাবে ধারণাকে জানি এবং ধারণার মাধ্যমে বস্তুর অস্তিত্ব অনুমান করি। বস্তুকে কখনো সোজাসুজিভাবে জানা যায় না। কিন্তু বার্কলি বলেন, যাকে সাক্ষাৎভাবে প্রত্যক্ষ করা যায় না, তার অস্তিত্ব স্বীকার করা যুক্তিসঙ্গত নয়, বস্তুকে যেহেতু সাক্ষাৎভাবে প্রত্যক্ষ করা যায় না, সেই হেতু বস্তুর অস্তিত্ব আছে এমন কথা বলা যুক্তিযুক্ত নয়।

(৩) লকের মতে ধারণা ও জ্ঞানের মধ্যে পার্থক্য আছে। ধারণার মধ্যে মিল ও অমিল প্রত্যক্ষ করাকে জ্ঞান বলে, কিন্তু

(৪) [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]
[illegible] ধারাবাহিক [illegible] [illegible], [illegible]
[illegible] [illegible] [illegible]। [illegible] [illegible] ধারাবাহিক [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] ধারাবাহিক
[illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] অভ্যাস ও অভিজ্ঞতা। সুতরাং অভ্যাস [illegible]
[illegible] ধারাবাহিক [illegible] আছে কি না তা
আমরা [illegible] পারি না। [illegible] মতবাদ
সত্য হলে ধারাবাহিক সত্যতা ও নিশ্চয়তা
নিরূপণ করা সম্ভব নয়।

(৫) হিউম বলেন অনুষঙ্গ নিয়মের
দ্বারা আমরা ঘটনাবলীর বিভিন্ন [illegible]
[illegible] একরূপতা [illegible] করি ও বস্তু
সম্বন্ধে জ্ঞানলাভ করে থাকি। কিন্তু
অনুষঙ্গ নিয়ম ব্যক্তিমনের নিয়ম, বস্তুর
নিয়ম নয়। সুতরাং অনুষঙ্গ নিয়মের দ্বারা
বস্তু ঐক্য প্রতিষ্ঠিত করা যায় না। হিউম
মানবের [illegible] [illegible] [illegible] অস্বীকার
করেছেন। সুতরাং [illegible] সম্ভব নয়।
হিউমের মতবাদ অনুসারে সুনিশ্চিত জ্ঞান
সম্ভব নয়। সব জ্ঞান সম্ভাবনামূলক।
তাহলে হিউমের মতবাদ সম্ভাবনামূলক,
সুনিশ্চিত নয়।

——— × ———